

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৭৬৬

আগরতলা, ০২ ফেব্রুয়ারি, ২০২৪

৩৪তম ত্রিপুরা শিল্প ও বাণিজ্য মেলা

মেলার প্রথম ৭ দিনে ১ কোটি ৩ লক্ষ ২৯ হাজার টাকার পণ্যসামগ্রী বিক্রয়

৩৪তম ত্রিপুরা শিল্প ও বাণিজ্য মেলার সপ্তম দিনে অর্থাৎ ৩১ জানুয়ারি ২০ লক্ষ ৯৯ হাজার টাকার বিভিন্ন পণ্যসামগ্রী বিক্রি হয়েছে। মেলার প্রথম ৭ দিনে মোট বিক্রি হয়েছে ১ কোটি ৩ লক্ষ ২৯ হাজার টাকা। তাছাড়া মেলা প্রাঙ্গণে প্রতিদিন ত্রিপুরা স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক এবং ত্রিপুরা গ্রামীণ ব্যাঙ্কের পক্ষ থেকে দুটি মোবাইল এটিএম ভ্যানের সুবিধা প্রদান করা হচ্ছে। মেলা উপলক্ষে প্রত্যেকদিন থাকছে শিল্প ও বাণিজ্য সম্পর্কিত আলোচনাচক্র এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে অনুষ্ঠিত হচ্ছে সাংস্কৃতিক অনুষ্ঠান।
